[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দীর্ঘ। এটি বৃহদাকার পাথর কেটে তৈরি করা হয়েছে।আরবিতে একে বলে আবুল হুল যার ইংরাজি অর্থ ফাদার অফ টেরর।

বিশ্বের সবচেয়ে পুরনো সভ্যতার একটি গড়ে উঠেছিল মিশরে। প্রাচীন মেসোপটেমিয়ার অধিবাসীরা সর্বপ্রথম পিরামিড তৈরি করেছিল। মানব সভ্যতার ইতিহাসে অন্যতম রহস্যময় নিদর্শন হল এই মিশরের পিরামিড। প্রাচীনকালে পৃথিবীর সপ্তম আশ্চর্যের মধ্যে পিরামিডই সবচেয়ে পুরনো এবং অনেকাংশে অক্ষত।

স্পেস স্টেশনে বসে দ্য গ্রেট পিরামিড অফ গিজার ছবি তুলে পাঠিয়েছিলেন জাপানের নভোচর সোইচি নোগুচি ২০২১ সালে। পিরামিডের পাশাপাশি গিজা মরুভূমি এবং লাগোয়া শহরের ছবিও স্পষ্টভাবে ধরা পড়েছে ওই ছবিতে। অনেকেই বলেছেন এ যেন থ্রিডি ইমেজ। পিরামিডের তিনকোনা মাথাগুলো বেশ স্পষ্টভাবেই বোঝা গিয়েছে ওই ছবিতে।

মিশরের গিজার পিরামিড দেখতে ভিড় জমান দেশ-বিদেশের পর্যটকেরা। গিজার এই পিরামিড প্রাচীন মিশরের আইকনিক ধ্বংসাবশেষ। গ্রানাইট এবং চুনাপাথরের প্রায় ২.৩ মিলিয়ন ব্লক যার গড় ওজন দুই টন। হাজার হাজার বছর ধরে এগুলো এভাবেই রয়ে গেছে। পিরামিড নিয়ে হয়েছে অনেক পরীক্ষা নিরীক্ষা এবং গবেষণা তবুও রহস্য ভেদ হয়নি।

২০১০ সালের পরও অনেকবার জাহাজ নিয়ে মিশরে গিয়েছি এবং সুয়েজ ক্যানেল ট্রানজিট করেছি। তবে মিশরের পিরামিড দ্বিতীয়বার আর দেখার সুযোগ হয়নি।

লেখক: মাস্টার মেরিনার ও এক্স ক্যাডেট,বাংলাদেশ মেরিন একাডেমী চট্টগ্রাম।